গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

Office Of The MD DESCO
Received No. 90 Date 06/01/14

নং- বিইআরসি/ট্যারিফ/বিতরণ(বিদ্যুৎ-০১)/অংশ-০২/৪৩৭৩

তারিখ ঃ ০৫ পৌষ ১৪২০ / ১৯ ডিসেম্বর ২০১৩

DESCO
Office of the CE (S & D Operation)
Received No: 44
Received by:
Date: 07.01.14

বিষয় ঃ ১১ কেভি ও তদুর্দ্ধ ভোল্টেজের আবাসিক/মিশ্র গ্রাহকের বিলিং পদ্ধতি প্রসঙ্গে।

সূত্র ঃ বিউবো এর স্মারক নং-২৩৪০-বিউবো (সচি)/উন্নয়ন-৯০, তারিখঃ ২১ নভেম্বর ২০১৩।

DESCO ADMINISTRATION
Received No. 179
Date 07/01/14

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রের মাধ্যমে বাংলাদেশ বিদ্যুৎ বোর্ড (বিউবো) কর্তৃক কমিশনে প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে যে, আবাসিক গ্রাহকের ব্যবহারের পরিমাণ বৃদ্ধি, একই ভবনে বহু মালিকানাধীন পরিবার এর ব্যবহার, গ্রুপভিত্তিক সংযোগ গ্রহণ, উদ্ধমূখী ভবন সম্প্রসারণ ইত্যাদি কারণে আবাসিক/ মিশ্র গ্রাহককে ১১ কেভিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়ে থাকে। একই ভবনে বহুসংখ্যক পরিবার, গ্রুপভিত্তিক সংযোগ গ্রহণ, উর্দ্ধমূখী ভবন সম্প্রসারণ ইত্যাদি যৌথ আবাসিক সংযোগের জন্য (৫০ কিঃওঃ এর অধিক লোড এর ক্ষেত্রে) বিতরণ ট্রান্সফর্মার এর লোড সীমিত রাখার উদ্দেশ্যে গ্রাহককে ১১ কেভিতে সংযোগ গ্রহণের জন্য উৎসাহিত করা হয়। ১১ কেভির জন্য "এফ" শ্রেণীর রেট প্রযোজ্য করা হলে গ্রাহক ১১ কেভি মিটারের আওতায় এলটি-তে ভিন্ন ভিন্ন পরিবার/ আলাদা ফ্ল্যাট এর জন্য পৃথক আবাসিক হিসাব ও বিল ইস্যুর জন্য অনুরোধ/ দাবী করে থাকেন। বর্তমানে ট্যারিফ নিয়মাবলীতে ১১ কেভি বা তদুর্দ্ধ ভোল্টেজের আবাসিক/ মিশ্র গ্রাহকের জন্য সুস্পষ্ট বিলিং পদ্ধতি না থাকায় নানাবিধ বিলিং এর সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় সুস্পষ্ট বিলিং পদ্ধতি বিষয়ে বিউবো কতিপয় প্রস্তাব-সম্বলিত আবেদন কমিশনে দাখিল করেছে (পত্রের অনুলিপি সংযুক্ত)।

০২। বিউবো এর আবেদনের ওপর কমিশন কর্তৃক যথাযথ এবং যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে এতদ্‌বিষয়ে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের বর্তমান সংযোগ প্রদান এবং বিলিং পদ্ধতি জানা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, ১১ কেভি ও তদুর্দ্ধ ভোল্টেজের আবাসিক/মিশ্র গ্রাহকের ক্ষেত্রে বিউবো, পবিবো, ডিপিডিসি, ডেসকো এবং ওজোপাডিকো এর বর্তমান সংযোগ প্রদান ও বিলিং পদ্ধতি জরুরীভিত্তিতে কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৯/১২/১৩
(মোঃ আবুল কাশেম)
পরিচালক (বিদ্যুৎ)
ফোন ঃ ৯১৪ ১৭৩৭।

বিতরণ (প্রয়োজনীয় কার্যার্থে) ঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো), ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০২। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড (পবিবো), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন (৩য় তলা), ১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), বাড়ি নং-২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।

অনুলিপি (অবগতির জন্য) ঃ

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বিইআরসি, ঢাকা।
০২। সদস্য-১/সদস্য-২/সদস্য-৩ মহোদয়ের ব্যক্তিগত সহকারী (সদস্য-১/সদস্য-২/সদস্য-৩ মহোদয়ের সদয় অবগতির জন্য), বিইআরসি, ঢাকা।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা)
মতিঝিল বা/এ, ঢাকা।
ফোন ঃ ৯৫৫৪২০৯, ৯৫৬৭৩৫০

স্মারক নং ঃ২৩৫০- বিউবো (সচি)/ উন্নয়ন-৯০ তারিখঃ ২৯ /১১/২০১৩ ইং

সচিব
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
কাওরানবাজার , ঢাকা ।

বিষয়ঃ ১১ কেভি ও তদুর্ধ ভোল্টেজের আবাসিক/মিশ্র গ্রাহকের বিলিং পদ্ধতির প্রস্তাব অনুমোদন প্রসংগে ।

মহোদয় ,

আবাসিক গ্রাহকের ব্যবহারের পরিমান বৃদ্ধি, একই ভবনে বহু মালিকানাধীন পরিবার এর বিদ্যুৎ ব্যবহার, গ্রুপ ভিত্তিক সংযোগ গ্রহন, উর্দ্ধমুখী ভবন সম্প্রসারন ইত্যাদি কারনে আবাসিক/মিশ্র গ্রাহককে ১১ কেভিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়ে থাকে। বর্তমান ট্যারিফ নিয়মাবলীতে ১১ কেভিতে বা মধ্যম চাপে সংযুক্ত আবাসিক/মিশ্র গ্রাহকের জন্য বিলিং পদ্ধতির অস্পষ্টতা থাকায় গ্রাহক পর্যায়ে জটিলতা দেখা দিচ্ছে।

৫০ কিঃওঃ এর উর্দ্ধ লোডের জন্য ১১ কেভিতে সংযোগ দেওয়া হয়। একই ভবনে বহুসংখ্যক পরিবার, গ্রুপ ভিত্তিক সংযোগ গ্রহন, উর্দ্ধমুখী ভবন সম্প্রসারন ইত্যাদি যৌথ আবাসিক সংযোগের জন্য (৫০ কিঃওঃ এর অধিক লোড এর ক্ষেত্রে) বিতরন ট্রান্সফর্মার এর লোড সীমিত রাখার উদ্দেশ্যে গ্রাহককে ১১ কেভিতে সংযোগ গ্রহনের জন্য উৎসাহিত করা হয়। ১১ কেভির জন্য "এফ " শ্রেনীর রেট প্রযোজ্য করা হলে গ্রাহক ১১কেভি মিটারের আওতায় এলটি তে ভিন্ন ভিন্ন পরিবার/আংগিনা/ফ্লাট এর জন্য পৃথক আবাসিক হিসাব ও বিল ইস্যুর জন্য অনুরোধ/দাবী করে থাকেন । ১১ কেভি বা তদুর্ধ ভোল্টেজের আবাসিক/মিশ্র গ্রাহকের জন্য সুস্পষ্ট বিলিং পদ্ধতি না থাকায় নানবিধ বিলিং এর সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় সুস্পষ্ট বিলিং পদ্ধতির প্রস্তাব পেশ করা হলো।

এমতাবস্থায় ১১কেভি বা তদুর্ধ ভোল্টেজের আবাসিক/মিশ্র গ্রাহকের জন্য প্রস্তাবিত বিলিং পদ্ধতি(কপি সংযুক্ত-ক) সদয় অনুমোদনের জন্য অনুরোধ করা হইল।

নির্দেশক্রমে,

২৯/১১/২০১৩

(মোঃ জহুরুল হক)
সচিব
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

স্মারক নং - বিউবো (সচি)/ উন্নয়ন-৯০ তারিখঃ /১১/২০১৩ ইং

অনুলিপিঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। সদস্য, বিতরণ /অর্থ/পি এন্ড ডি, বিউবো, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালনা, বিউবো, ঢাকা।
৪। দপ্তর নথি।

এনার্জি রেগুলেটরী কমিশন			
ডাইরী নং	২৮২৫	তারিখ	২৯/১১/১৩
গ্রহণকারীর স্বাক্ষর			
সদস্য-১		সদস্য-৩	
সদস্য-২		সদস্য-৪	
সচিব		পরিচালক (অর্থ ও হিঃ)	
পরিচালক (বিদ্যুৎ)	০১/১২/১৩	পরিচালক (পেট্রো)	
পরিচালক (গ্যাস)		একান্ত সচিব	

(মোঃ আলী আশরাফ)
সিঃ সেকশন অফিসার (উন্নয়ণ)

উপ-পরিচালক (বিদ্যুৎ) D.D (Power)
সহকারী পরিচালক (AD-2)
ব্যক্তিগত সহকারী (PA)

সংযুক্তি -ক

বহুতল বিশিষ্ট কমপ্লেক্স ভবনে আবাসিক / মিশ্র গ্রাহকগনের জন্য
১১ কেভি বা তদুর্ধ ভোল্টেজের সংযোগের বিলিং পদ্ধতির প্রস্তাব ঃ

১. সাধারণ ভাবে বহুতলা বিশিষ্ট বিল্ডিং/ভবনে ১১কেভি বা তদুর্ধ ভোল্টেজের এ একটিমাত্র সার্ভিস ড্রপ থাকবে ।

২. গ্রাহকের ট্রান্সফর্মারের উচ্চচাপ সাইডে মুল মিটার থাকবে এবং তথায় সমুদয় এনার্জি রেকর্ড হবে ।

৩. উক্ত সংযোগের আওতায় বিদ্যুতের মুল্যহার নিয়মাবলীর আওতায় ঃ

   ক) প্রতিটি আবাসিক গ্রাহকের জন্য পৃথক মিটার ও হিসাব নং থাকবে এবং "এ" টেরিফ অনুযায়ী বিল প্রদান করা হবে।

   খ) বানিজ্যিক ব্যবহার থাকলে সে অংশের জন্য বানিজ্যিক হার প্রযোজ্য হবে এবং বানিজ্যিক অংশের জন্য একটি মাত্র মিটার ও হিসাব নম্বর থাকবে

   গ) ক্ষুদ্র শিল্প থাকলে তজন্য পৃথক মিটার ও হিসাব নম্বর থাকবে এবং "সি" টেরিফ অনুযায়ী বিল প্রদান করা হবে ।

৪. এলটি সংযোগ সমুহের ডিমান্ড চার্জ অনুমোদিত লোডের ভিত্তিতে করা হবে এবং মোট অনুমোদিত লোড হতে এলটি সংযোগ সমুহের লোড বাদ দিয়ে অবশিষ্ট লোড এর জন্য মুল মিটারের অনুকুলে ডিমান্ড চার্জ প্রযোজ্য হবে ।

৫. উক্ত সংযোগ এর আওতায় এলটি সাইডের মিটার সমুহের ব্যবহৃত/বিলকৃত ইউনিটের যোগফল মুল মিটার এর মোট ব্যবহৃত ইউনিট হতে বাদ দিয়ে অবশিষ্ট ইউনিট সার্বজনীন ব্যবহার হিসাবে উক্ত ভবনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নামে "এফ " শ্রেণীর ফ্লাট রেটে বিল করা হবে ।

৬. একক সংযোগ হিসাবে পাওয়ার ফ্যাক্টর মেইনটেইন করতে হবে এবং মুল মিটারের মোট বিদ্যুৎ ব্যবহারের জন্য পাওয়ার ফ্যাক্টর কারেকশন চার্জ প্রযোজ্য হবে ,যা ১৮.৭৫% এর বেশী হবে না ।

মহাব্যবস্থাপক,
বাণিজ্যিক পরিচালন,
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।